মধুখালী পৌরসভাকার্যালয়
উপজেলা ঃ মধুখালী, জেলা ঃ ফরিদপুর।
www.Mahukhalipourashava.gov.bd
ফোন ঃ (০৬৩২৬) ৫৬০২০, ফ্যাক্স ঃ (০৬৩২৬) ৫৬০০৭

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## ১১/০৭/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জরুরী সভার কার্য- বিবরণী।

১১/০৭/২০২৩ খ্রিঃ তারিখ রোজ ঃ মঙ্গলবার বিকাল-৩.০০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মেয়র খন্দকার মোরশেদ রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত জরুরী সভার কার্য- বিবরণী।

সভাপতি ঃ খন্দকার মোরশেদ রহমান,মেয়র,মধুখালী পৌরসভা,ফরিদপুর।
তারিখ ও সময় ঃ ১১-০৭-২০২৩ ইং, বিকাল-৩.০০ ঘটিকা।
রোজ ঃ মঙ্গলবার
স্থান ঃ পৌরসভা সভাকক্ষ।

**উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ ঃ**

১। জনাব রেশমা আক্তার
২। জনাব নাজমা সুলতানা
৩। জনাব রেশমা আক্তার
৪। জনাব মোঃ কামরুজ্জামান বাবু
৫। জনাব মির্জা আবু জাফর
৬। জনাব মির্জা আব্বাস হোসেন
৭। জনাব মোহাম্মদ আনিচুর রহমান লিটন
৮। জনাব এ.এইচ.এম তৌফিক শরাফী
৯। জনাব কবির মন্ডল
১০। জনাব মোসাঃ রেহেনা পারভীন
১১। জনাব মোঃ মোশারফ হোসেন
১২। জনাব কামরুজ্জামান

**উপস্থিত কর্মকর্তাগন ঃ**

১। জনাব মোঃ হেমায়েত হোসেন
২। জনাব মোঃ গোলাম আজম

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এবং পৌর নির্বাহী কর্মকর্তা,মধুখালী পৌরসভাকে সভা পরিচালনার দায়িত্ব দেন।

### আলোচনা

আলোচ্যসূচী-০১ঃ ডেঙ্গু সংক্রমন প্রতিরোধে জনসচেতনামূলক কার্যকর কর্মসূচী গ্রহন প্রসঙ্গে।

এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সম্প্রতিকালে দেশব্যাপী ডেঙ্গু সংক্রমন আশঙ্খাজনক বৃদ্ধি পাওয়ায় জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয় এর স্মারক নং-০৫.১২.২৯০০.০০১.৯৯.০০২.২৩-৩৭৫৯ ; তারিখ-১০-০৭-২০২৩ ইং এ ডেঙ্গু প্রতিরোধ কার্যকরী ব্যবস্থা

CamScanner

গ্রহণের জন্য নির্দেশনা দিয়েছেন। মধুখালী পৌর এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে করনীয় বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহনার্থে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি উপস্থিত সকলকে আহবান জানান।

আলোচনায় অংশগ্রহন করে অত্র পৌরসভার প্যানেল মেয়র জনাব মোহাম্মদ আনিচুর রহমান লিটন বলেন যে, মধুখালী পৌর এলাকায় সম্প্রতিকালে ডেঙ্গু রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই এখনই সতর্কতামূলক কার্যকরী ব্যবস্থা গ্রহন না করলে ডেঙ্গু রোগীর সংখ্যা মহামারী আকার ধারণ করবে।

এ বিষয়ে ৭,৮,৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব রেশমা আক্তার বলেন সম্প্রতিকালে অতি বর্ষনে ডোবা নালায় পানি জমে থাকায় ডেঙ্গু মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে। তিনি মশক নিধনের জন্য জরুরীভাবে কীটনাশক স্প্রে করার সুপারিশ করেন।

এ বিষয়ে ০২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আবু জাফর বলেন মশক নিধনের ব্যবস্থা গ্রহনসহ পৌর এলাকার ঝোপ, জঙ্গলসহ বিভিন্ন স্থানে মশক নিধনের জন্য বিশেষ অভিযান পরিচালনার জন্য সুপারিশ করেন।

এ বিষয়ে ৪,৫,৬ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব নাজমা সুলতানা বলেন শহরের প্রধান প্রধান সড়ক ও বিভিন্ন সংযোগ সড়কের পাশে বিভিন্ন আগাছা গাছপালা বৃদ্ধি পেয়ে ঝোপ জঙ্গল সৃষ্টি করেছে। ডেঙ্গু মশা নিমূলে এসব ঝোপ জঙ্গলও জরুরী ভিত্তিতে কাটা প্রয়োজন।

এ বিষয়ে ০৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আব্বাস হোসেন বলেন সমগ্র পৌর এলাকা বিশেষ অভিযানের মাধ্যমে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা প্রয়োজন। কারও বসত বাড়ির আঙ্গিনা বা অব্যবহৃত পাত্রে বৃষ্টির পানি যাতে ০৩ (তিন) দিনের বেশি সময় আটকে না থাকে সে ব্যাপারে গনসচেতনতা বৃদ্ধির জন্য মাইকিং বা লিফলেট বিতরণ করার প্রস্তাব করেন।

<u>সিদ্ধান্ত ঃ</u>

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্নিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(১) সপ্তাহব্যাপী সমগ্র পৌর এলাকায় ফগার মেশিনের মাধ্যমে ডেঙ্গু নিধন স্প্রে ছিটানোর সিদ্ধান্ত গ্রহীত হলো।
(২) সপ্তাহব্যাপী শহরের প্রধান প্রধান সড়কের জোপ জঙ্গল কর্তন করার সিদ্ধান্ত গৃহীত হলো।
(৩) বাজার এলাকা, গুরুত্বপূর্ন স্থাপনা এলাকা ও প্রধান প্রধান সড়ক পার্শ্বস্থ ড্রেন,নালা বিশেষ অভিযানের মাধ্যমে পরিষ্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।
(৪) জনসচেতনতার জন্য সমগ্র পৌর এলাকায় মাইকিং এর মাধ্যমে প্রচার ও ডেঙ্গু রোগ প্রতিরোধে সতর্কতামূলক বার্তার লিফলেট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

<u>আলোচ্যসূচী-২ঃ বিবিধঃ</u>

<u>(ক) মধুখালী বাজার এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা প্রসঙ্গেঃ</u>

এ বিষয়ে ০৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব কবির মন্ডল বলেন যে,মধুখালী বাজার এলাকা বিশেষ করে মাছ বাজার,কাঁচা বাজার ও ফল বাজারের প্রতিদিনের ময়লা আবর্জনা প্রতিদিন অপসারনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।

এ বিষয়ে ০২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আবু জাফর বলেন বিশেষ করে সপ্তাহে ২ হাটবারের দিন বিভিন্ন এলাকার কৃষকগন তাদের উৎপাদিত দ্রব্যসামগ্রী মধুখালী বাজারে এসে ক্রয়- বিক্রয় করেন। বিশেষ করে মরিচ বাজার, পাট বাজার ও পিঁয়াজ বাজারে ক্রয়-বিক্রয়ের পর ময়লার স্তুপ জমে থাকে। স্তুপকৃত ময়লা আবর্জনাগুলি তাৎক্ষনিকভাবে অপসারণের ব্যবস্থা গ্রহনের জন্য সভায় প্রস্তাব করেন।

CamScanner

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মধুখালী বাজার এলাকায় প্রতিদিনের ময়লা আবর্জনার স্তুপ পরিষ্কার পরিচ্ছন্ন করে পরবর্তী দিন সকালের মধ্যে দ্রুত অপসারন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আপ্যায়নের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা
তারিখঃ-১১/০৭/২০২৩ খ্রিঃ।

স্মারকনং-মধুঃ/পৌরঃ/২০২৩/ ০৮(১৫২)

অনুলিপিসদয়অবগতি ও প্রয়োজনীয়ব্যবস্থা গ্রহনেরজন্য প্রেরনকরাহলঃ

০১। সচিব মহোদয়
স্থানীয়সরকার, পল্লীউন্নয়ন ও সমবায়মন্ত্রণালয়
স্থানীয়সরকারবিভাগ
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০২। জেলা প্রশাসক,ফরিদপুর।

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা
মধুখালী, ফরিদপুর।

২। অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১-১২।
জনাব ....................................
কাউন্সিলর, ওয়ার্ড নং............
মধুখালী পৌরসভা
মধুখালী, ফরিদপুর।

১৩। পৌর নির্বাহী কর্মকর্তা,মধুখালী পৌরসভা।
১৪। সহকারী প্রকৌশলী,মধুখালী পৌরসভা।
১৫। সংশ্লিষ্ট নথী।

CamScanner